# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ০

০। মুকাদ্দামাহ (ভূমিকা) (المقدمة)

পরিচ্ছেদঃ ৫. হাদীসের সনদ বর্ণনা করা দীনের অন্তর্ভুক্ত, নির্ভরযোগ্য বর্ণনা ছাড়া রিওয়ায়াত গ্রহণ করা উচিত নয়; বর্ণনাকারীদের দোষ-ত্রূটি তুলে ধরা শুধু জায়িয নয়, বরং ওয়াজিব; ওটা গীবাত নয়- যা শরীআতের দৃষ্টিতে হারাম; ক্ষতিকারক জিনিসগুলো দূর করে শারীআতের বিধানসমূহ নিখুঁত ও ত্রূটিমুক্ত করা অতীব প্রয়োজন।

باب فِي أَنَّ الإِسْنَادَ مِنَ الدِّينِ وَأَنَّ الرِّوَايَةَ لَا تَكُونُ إِلَّا عَنْ الثِّقَاتِ وَأَنَّ جَرْحَ الرُّوَاةِ بِمَا هُوَ فِيهِمْ جَائِزٌ بَلْ وَاجِبٌ وَأَنَّهُ لَيْسَ مِنْ الْغِيبَةِ الْمُحَرَّمَةِ بَلْ مِنْ الذَّبِّ عَنْ الشَّرِيعَةِ الْمُكَرَّمَةِ

---

আরবী

وَحَدَّثَنِي حَجَّاجٌ، حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، قَالَ سَمِعْتُ سَلاَّمَ بْنَ أَبِي مُطِيعٍ، يَقُولُ بَلَغَ أَيُّوبَ أَنِّي آتِي عَمْرًا فَأَقْبَلَ عَلَىَّ يَوْمًا فَقَالَ أَرَأَيْتَ رَجُلاً لاَ تَأْمَنُهُ عَلَى دِينِهِ كَيْفَ تَأْمَنُهُ عَلَى الْحَدِيثِ

وَحَدَّثَنِي سَلَمَةُ بْنُ شَبِيبٍ، حَدَّثَنَا الْحُمَيْدِيُّ، حَدَّثَنَا سُفْيَانُ، قَالَ سَمِعْتُ أَبَا مُوسَى، يَقُولُ حَدَّثَنَا عَمْرُو بْنُ عُبَيْدٍ، قَبْلَ أَنْ يُحْدِثَ، .

حَدَّثَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذٍ الْعَنْبَرِيُّ، حَدَّثَنَا أَبِي قَالَ، كَتَبْتُ إِلَى شُعْبَةَ أَسْأَلُهُ عَنْ أَبِي شَيْبَةَ، قَاضِي وَاسِطٍ فَكَتَبَ إِلَىَّ لاَ تَكْتُبْ عَنْهُ شَيْئًا وَمَزِّقْ كِتَابِي .

وَحَدَّثَنَا الْحُلْوَانِيُّ، قَالَ سَمِعْتُ عَفَّانَ، قَالَ حَدَّثْتُ حَمَّادَ بْنَ سَلَمَةَ، عَنْ صَالِحٍ الْمُرِّيِّ، بِحَدِيثٍ عَنْ ثَابِتٍ، فَقَالَ كَذَبَ . وَحَدَّثْتُ هَمَّامًا، عَنْ صَالِحٍ الْمُرِّيِّ، بِحَدِيثٍ فَقَالَ كَذَبَ .

وَحَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، قَالَ قَالَ لِي شُعْبَةُ ايتِ جَرِيرَ بْنَ حَازِمٍ فَقُلْ لَهُ لاَ يَحِلُّ لَكَ أَنْ تَرْوِيَ عَنِ الْحَسَنِ بْنِ عُمَارَةَ فَإِنَّهُ يَكْذِبُ . قَالَ أَبُو دَاوُدَ قُلْتُ لِشُعْبَةَ

وَكَيْفَ ذَاكَ فَقَالَ حَدَّثَنَا عَنِ الْحَكَمِ بِأَشْيَاءَ لَمْ أَجِدْ لَهَا أَصْلاً . قَالَ قُلْتُ لَهُ بِأَىِّ شَىْءٍ قَالَ قُلْتُ لِلْحَكَمِ أَصَلَّى النَّبِيُّ صلى الله عليه وسلم عَلَى قَتْلَى أُحُدٍ فَقَالَ لَمْ يُصَلِّ عَلَيْهِمْ . فَقَالَ الْحَسَنُ بْنُ عُمَارَةَ عَنِ الْحَكَمِ عَنْ مِقْسَمٍ عَنِ ابْنِ عَبَّاسٍ إِنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صَلَّى عَلَيْهِمْ وَدَفَنَهُمْ . قُلْتُ لِلْحَكَمِ مَا تَقُولُ فِي أَوْلاَدِ الزِّنَا قَالَ يُصَلَّى عَلَيْهِمْ . قُلْتُ مِنْ حَدِيثِ مَنْ يُرْوَى قَالَ يُرْوَى عَنِ الْحَسَنِ الْبَصْرِيِّ . فَقَالَ الْحَسَنُ بْنُ عُمَارَةَ حَدَّثَنَا الْحَكَمُ عَنْ يَحْيَى بْنِ الْجَزَّارِ عَنْ عَلِيٍّ .

বাংলা

(.../...) হাজ্জাজ (রহঃ) ..... সাল্লাম ইবনু আবূ মুতী (রহঃ) থেকে বর্ণিত আছে, তিনি বলেন, আইয়ুবের কাছে এ সংবাদ পৌছল যে, আমি ’আমরের কাছে আসা যাওয়া করি। একদিন তিনি আমাকে বললেন, তোমার কি ধারণা, যার দীনদারীর ব্যাপারে তুমি আস্থা রাখতে পার না তার হাদীসের উপর তুমি কিরূপে আস্থা রাখতে পার?

---

(.../...) সালামাহ্ ইবনু শাবীব (রহঃ) ..... আবূ মূসা (রহঃ) কে বলতে শুনেছি, আমর ইবনু উবায়দ তার নতুন ভ্রান্ত আকীদাহ প্রকাশ করার পূর্বে আমাদের কাছে হাদীস বর্ণনা করেছে।

---

(.../...) উবাইদুল্লাহ ইবনু মুআয আল আম্বারী (রহঃ) বলেন, আমার পিতা বলেছেন, আমি ওয়াসিত শহরের কাজী আবূ শাইবাহ (রহঃ) সম্পর্কে জিজ্ঞেস করে শু’বার নিকট চিঠি লিখে পাঠালাম। জবাবে তিনি আমাকে লিখে পাঠালেন, তার কাছ থেকে কিছুই লিখবে না আর আমার এ চিঠিখানা ছিড়ে টুকরো টুকরো করে ফেলবে।

---

(.../...) আল হুলওয়ানী (রহঃ) বলেন, ’আফফান থেকে বর্ণিত, আমি সালিহ আল মুররীর সূত্রে বর্ণিত সাবিতের একটি রিওয়ায়াত হাম্মামের নিকট বর্ণনা করলাম, তিনি বললেন, সে মিথ্যা বলেছে। আমি হাম্মামকে সালিহ মুররীর একটি হাদীস পড়ে শুনালে তিনি বললেন, সে মিথ্যা বলেছে।

---

(.../...) মাহমূদ ইবনু গাইলান (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আবূ দাউদ বলেছেনঃ শু’বাহ আমাকে বললেন, তুমি জারীর ইবনু হাযিমের নিকট যাও এবং তাকে বলো, হাসান ইবনু উমারাহ থেকে হাদীস গ্রহণ করা তোমার

জন্য ঠিক নয়। কেননা, সে মিথ্যা বলে। আবূ দাউদ বলেন, আমি শুবাকে জিজ্ঞেস করলাম, তার মিথ্যা বলাটা কিভাবে বুঝা গেল?

তিনি (শু'বাহ) বললেন, হাসান ইবনু উমামাহ্ আমাদের কাছে হাকাম থেকে হাদীস বর্ণনা করেছে। আমি তার কোন ভিত্তি খুঁজে পাইনি। আবূ দাউদ বলেন, আমি বললাম সেগুলো কোন কোন হাদীস? শুবাহ বললেন, আমি হাকামকে জিজ্ঞেস করলাম, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি উহুদের শহীদদের জানাযার সালাত আদায় করেছেন? তিনি বললেন, তিনি তাদের জানাযার সালাত আদায় করেননি।" অতঃপর হাসান ইবনু উমারাহ (রহঃ) ইবনু আব্বাস (রাযিঃ) থেকে বর্ণনা করেছেন যে, তিনি বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের জানাযার সালাত আদায় করেছেন এবং দাফনও করেছেন।" শুবাহ বলেন, আমি হাকামকে জিজ্ঞেস করলাম "জারজ সন্তানের সম্পর্কে আপনার অভিমত কী?" তিনি বললেন, "তাদের জানাযা পড়তে হবে"। আমি জিজ্ঞেস করলাম, তা কোন হাদীস থেকে প্রমাণিত এবং এর বর্ণনাকারী কে? হাকাম বললেন, হাসান বাসরী (রহঃ) থেকে বর্ণিত। অতঃপর হাসান ইবনু উমরাহ বলেন, হাকাম আমাদের ইয়াহইয়া ইবনু জার্য্যার-এর সূত্রে 'আলী (রাযিঃ) থেকে হাদীস বর্ণনা করেছেন।

## English

Chapter: That Which is Related to the Statements ‘The Chain of Narration is from the Religion’; ‘Transmissions are not Taken Except from Trustworthy Narrators’; and ‘Criticism of the Narrators With What is Permissible Regarding Them, Even Obligatory and That It is not the Prohibited Kind of Backbiting, Rather it is the Defense of the Noble Sharī’ah’

Hajjāj narrated to me, Sulaymān bin Harb narrated to us, he said, I heard Sallām bin Abī Mutī’ saying, it reached Ayyūb that I would go to Amr so he turned to me and said:
‘Have you seen a man whose Dīn you do not trust- how do you trust him regarding Ḥadīth?’

Salamah bin Shabīb narrated to me, al-Humaydī narrated to us, Sufyān narrated to us, he said I heard Abū Mūsā [Isrā’īl bin Mūsā al-Basrī] saying: ‘Amr bin Ubayd narrated to us before what happened’ [i.e. before he became Mu’tazilī].

Ubayd Allah bin Mu’ādh al-Anbarī narrated to me, my father narrated to us, he said:
‘I wrote to Shu’bah asking him about Abū Shaybah , a judge of Wāsit, so he wrote to me: ‘Do not write anything from him [of Ḥadīth] and tear up my letter [to you about this]’.

Al-Hulwānī narrated to us, he said, I heard Affān [bin Muslim] say:
‘I narrated to Hammād bin Salamah [bin Dīnār al-Basrī], on authority of Sālih al-Murrī , a Ḥadīth on authority of Thābit [bin Aslam al-Banānī], then

[Hammād] said: ‘[Sālih] lied’. I also narrated to Hammām on authority of Sālih al-Murrī a Ḥadīth then [Hammām] said: ‘[Sālih] lied’.

Mahmūd bin Ghaylān narrated to us, Abū Dāwud narrated to us, he said, Shu’bah said to me:
‘Go to Jarīr bin Hāzim and say to him, ‘It is not allowed for you to transmit from al-Hasan bin Umārah for indeed he lies’.’ Abū Dāwud said, I said to Shu’bah: ‘And how do you know that?’ So [Shu’bah] said: ‘He narrated to us on authority of al-Hakam things that were not found to have any basis’. [Abū Dāwud] said: ‘What things?’ [Shu’bah] said, I said to al-Hakam: ‘Did the Prophet, peace and blessings of Allah upon him, pray over the martyrs of Uhud?’ [al-Hakam] said: ‘He did not pray over them’. Al-Hasan bin Umārah said, on authority of al-Hakam, on authority of Miqsam, on authority of Ibn Abbās: ‘Indeed the Prophet, peace and blessings of Allah upon him, prayed over them and buried them ’. I [Shu’bah] said to al-Hakam: ‘What do you say about the children born from fornication?’ [Al-Hakam] said: ‘Pray over them ’. I [Shu’bah] said: ‘From whose Ḥadīth is it transmitted?’ [Al-Hakam] said: ‘It is transmitted on authority of al-Hasan al-Basrī’.’ Al-Hasan bin Umārah said: ‘Al-Hakam narrated to us, on authority of Yahyā bin al-Jazzār, on authority of Alī.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=46753

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন